

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

বইমেলায় প্রাণ হচ্ছে তরুণ-তরুণীরা: আ জ ম নাছির উদ্দীন

একটি জাতিগোষ্ঠীর সভ্যতা বিনির্মাণ ও জ্ঞানগত উন্নয়নে বইমেলা ব্যাপক কার্যকরী ভূমিকা রাখে বলে মন্তব্য করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন। তিনি বলেন, তারুণ্যের উচ্ছাস আশ্রয়িতা ও দৃঢ়তাই সাফল্যের ভিত্তি। তারুণ্যের উচ্ছাসই মানবজীবনকে সফলতা ও সমৃদ্ধির পথে এগিয়ে যেতে প্রেরণাদান করে। যেখানে তারুণ্যের উচ্ছাস তথা মানসিক শক্তি গতিহীন সেখানে উন্নতি ও সমৃদ্ধির পথ বন্ধ। পৃথিবীর চারদিকে আজ তারুণ্যের জয় জয় রব ধ্বনিত হচ্ছে। যারা তারুণ্যের উচ্ছাসে ভরপুর হতে পারেননি, তারা পদে পদে বাধার সম্মুখীন হয়েছেন। বই আত্মাকে পরিপুষ্ট করে, জ্ঞানকে করে সমৃদ্ধ। বই হচ্ছে মানুষের সত্যিকার বন্ধু। যা মানুষের বুকের ভিতর সযত্নে লালন করা স্বপ্নের বাস্তব রূপ দিতে পারে। তিনি আরও বলেন, লেখক, প্রকাশক ও পাঠক একই সূত্রে গাঁথা এবং পরস্পরের পরিপূরক। নতুন প্রজন্ম অনেক মেধাবী উল্লেখ করে তিনি আগামী প্রজন্মকে সৃজনশীল কাজে মেধাকে কাজে লাগিয়ে বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এগিয়ে আসার আহ্বান জানান।

আজ শুরুর সন্ধ্যায় চসিক আয়োজিত অমর একুশে বইমেলা মঞ্চে তারুণ্যের উৎসবে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। বিশিষ্ট লেখক ও নাট্য ব্যক্তিত্ব অভিক ওসমান এর সভাপতিত্বে প্রধান আলোচক চট্টগ্রাম প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও বিশিষ্ট সাংবাদিক শুকলাল দাশ এবং আলোচক হিসেবে ড.শামসুদ্দিন শিশির, ড.সৌরভ সাখাওয়াত, কাউন্সিলর শেখ জাফরুল হায়দার চৌধুরী সবুজ বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন বই মেলা কমিটির আহবায়ক কাউন্সিলর ড.নিছার উদ্দিন আহমেদ মন্ডু। প্রধান বক্তা শুকলাল দাশ বলেন, যারা সমাজের অগ্রসর চিন্তা চেতনার মানুষ তারাই বই মেলায় আসেন। সৃজনশীল মানুষের মহা প্রয়াস হচ্ছে বই মেলা।

সভাপতির বক্তব্যে অভিক ওসমান বলেন, আমরা ৭১'র তরুণরা ৫২,৫৪,৫৮,৬২,৬৯,৭০সর্বোপরি ৭১পর্যন্ত যে পতাকা বহন করে এসেছি তা আজ নতুন প্রজন্মের হাতে তুলে দিলাম। তারাই বিনির্মাণ করবে আগামীর স্মার্ট বাংলাদেশ।

আগামীকাল সকাল ১১টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক ভাষা দিবস উপলক্ষে অমর একুশে বইমেলা মঞ্চে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

--

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮